

পকড়— হিন্দী শব্দ, ইহার অর্থ 'ধরা'। হিন্দী উচ্চারণে বাংলা 'অ'এর স্থায় ধ্বনি নাই, হিন্দীতে 'অ' বর্ণটির উচ্চারণ বাংলার 'অ' এবং 'আ' স্বর দুইটির মধ্যবর্তী, সুতরাং 'পকড়' কথাটির বাংলা উচ্চারণ মোটেই শুদ্ধ নহে, ইহার উচ্চারণ কতকটা 'প্যক্যড়'এর মতো হওয়া উচিত। সঙ্গীতরাজ্যে ইহার অর্থ— যে অত্যন্ত-সংখ্যক স্বরের ব্যবহারে একটি রাগের রূপ প্রকাশিত হয় তাহাই 'পকড়'। যেমন ইমন রাগে পঞ্চগরগরূপ এই পদটিকে ইমনের পকড় বলা যায়। কারণ, ইহা একমাত্র ইমনেরই পদ, অন্য কোনও রাগে এই পদ ব্যবহৃত হয় না। তিলক-কামোদে— রমপধমগসরগদন্ ইহা পকড় পদ। সোহিনীতে— গ—স্বধনস'স্ব'স', গ স্বর এবং পরবর্তী পদ সংযুক্তভাবে সোহিনীর পকড়।